**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশে ক্রীড়া, সংস্কৃতি ও প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(২) আগরতলা সরকারি মেডিকেল কলেজের পরিকাঠামো সম্প্রসারণে কেন্দ্রীয় সরকার ২৭৩ কোটি ৪৬ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আমিরাতের প্রতি ভারতের সমর্থন পুনর্ব্যক্ত করে বলেন, বর্তমান বৈশ্বিক সংঘাতের এই সময়ে সংলাপ ও কূটনীতিই সামনে এগিয়ে যাওয়ার একমাত্র পথ।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে আশাকর্মীরা আস্থার প্রতীক।**

**(৫) ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এন.টি.এ জানিয়েছে, নিট ইউ.জি ২০২৬-এর পরীক্ষা আগামী ২১শে জুন অনুষ্ঠিত হবে।**

**********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে ক্রীড়া, সংস্কৃতি ও প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ কাঞ্চনপুরের কাশীরামপাড়াস্থিত ইস্কন পরিচালিত গ্রেট ইন্ডিয়া ট্যালেন্ট স্কুলের নবনির্মিত ত্রিতল ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ ও আত্মনির্ভর করে গড়ে তুলতে রাজ্য সরকার শিক্ষার প্রসারে আন্তরিকভাবে কাজ করছে।

####Byte-Governor####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া, বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, হরে কৃষ্ণ মুভমেন্ট কমিটির ভাইস চেয়ারম্যান চঞ্চলাপতি দাশা, আগরতলার জগন্নাথ বাড়ির ভক্তি কমল বৈষ্ণব মহারাজ প্রমুখ।

***********************

**CM-Financial Assistance :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জানিয়েছেন আগরতলা সরকারি মেডিকেল কলেজের পরিকাঠামো সম্প্রসারণের জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ২৭৩ কোটি ৪৬ লক্ষ টাকার অনুমোদন দিয়েছে। মুখ্যমন্ত্রী জানান, এর ফলে আগরতলা সরকারী মেডিকেল কলেজ ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে এম.বি.বি.এস কোর্সে আরো ১০০টি আসন ও পি.জি কোর্সে আরো ৮৩টি আসন বাড়ানো সম্ভব হবে। তিনি জানান, এই মেডিকেল আসনগুলি যুক্ত হওয়ার ফলে রাজ্যে সরকারী ও বেসরকারী মেডিকেল কলেজ মিলে এম.বি.বি.এস আসনের সংখ্যা হবে ৫৫০টি এবং স্নাতকোত্তর আসনের সংখ্যা হবে ১৯৬টি, যা গত ৪ বছরে একটি রেকর্ড বৃদ্ধি। তিনি এই উদ্যোগের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে.পি. নাড্ডাকে ধন্যবাদ জানান।

#######Byte-CM#######

**************************

**TTAADC OATH :**

এডিসি'র সাধারণ নির্বাচনে বিজয়ী চার জন সদস্য-সদস্যা মঞ্জু রাণী সরকার, শৈলেন্দ্র নাথ, ইসমেল জয় ত্রিপুরা এবং কংজঅং মগ আজ খুমুলুঙস্থিত পরিষদীয় ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন। নবনির্বাচিত সদস্য-সদস্যাদের শপথ বাক্য পাঠ করান এডিসির চেয়ারম্যান ভবরঞ্জন রিয়াং।

*************************

**Income Tax Reforms :**

ত্রিপুরাতেও নতুন আর্য়কর অধিনিয়ম ২০২৫ কার্যকর করা হয়েছে। যার নাম দেওয়া হয়েছে প্রারম্ভ ২০২৬। এই বিষয়ে আজ আগরতলার আয়কর ভবনে এক সচেতনতামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়। উদ্বোধন করেন অতিরিক্ত আয়কর কমিশনার অমিত কুমার পান্ডে। বক্তারা বলেন, আয়কর অধিনিয়ম ২০২৫, আয়কর আইন ১৯৬১-র রূপান্তর। আয়কর আইন ২০২৫ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ২০২৪ সালে সংসদে বাজেট পেশের সময় উল্লেখ করেছিলেন। যা চলতি বছরে গত পয়লা এপ্রিল থেকে কার্যকর করা হয়েছে। এ বিষয়ে আলোচনা করতে গিয়ে যুগ্ম আয়কর কমিশনার রূপক কান্তি ভট্টাচার্য জানান, আয়কর আইন ১৯৬১ এবং আয়কর আইন ২০২৫ এর মধ্যে বিশেষ কোনও পার্থক্য নেই। তবে, আয়কর আইন ২০২৫ জনসাধারনের বোঝার জন্য সরল করা হয়েছে। এর ধারাগুলোও সহজ ও সংক্ষিপ্ত করা হয়েছে। উপস্থিত ছিলেন অতিরিক্ত আয়কর কমিশনার সঞ্জয় ঝা, যুগ্ম আয়কর কমিশনার রূপক কান্তি ভট্টাচার্য, আয়কর আধিকারীক এস এস নন্দী প্রমুখ।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংযুক্ত আরব আমিরাত ও ইউরোপ সফরের প্রথম পর্বে আবুধাবিতে রয়েছেন। প্রেসিডেন্সিয়াল বিমানবন্দরে সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান তাঁকে অভ্যর্থনা জানান এবং আনুষ্ঠানিক সংবর্ধনা দেন। আমিরাতের আকাশসীমায় প্রবেশের সময় সংযুক্ত আরব আমিরাতের এফ-১৬ যুদ্ধবিমান তাঁর বিমানকে এসকর্ট করে। এরপর প্রধানমন্ত্রী মোদি রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে সাক্ষাৎ করেছেন, যেখানে জ্বালানি সহযোগিতা ও দ্বিপাক্ষিক বাণিজ্য ছিল আলোচনার প্রধান বিষয়। প্রধানমন্ত্রী শ্রী মোদী আমিরাতের প্রতি ভারতের সমর্থন পুনর্ব্যক্ত করে বলেন, বর্তমান

বৈশ্বিক সংঘাতের এই সময়ে সংলাপ ও কূটনীতিই সামনে এগিয়ে যাওয়ার একমাত্র পথ।

**************************

**CM-Petrol :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন রাজ্যে পর্যাপ্ত জ্বালানী মজুত রয়েছে। অযথা উৎকন্ঠা না করতে তিনি জনগণের প্রতি অনুরোধ জানান। পেট্রোল পাম্পগুলি থেকে প্রয়োজনের অতিরিক্ত পেট্রোল নেবার প্রয়োজন নেই বলে তিনি জানান।

######Byte-CM#####

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**CM-Asha :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে আশাকর্মীরা আস্থার প্রতীক। চিকিৎসকদের পাশাপাশি আশাকর্মীরাও রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে সচল রাখতে নিরলস পরিশ্রম করে চলেছেন। আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক ইন্ডোর এক্সিবিশন হলে রাজ্যভিত্তিক আশা কনভেনশনে তিনি একথা বলেন। তিনি বলেন, পাহাড় থেকে সমতল সর্বত্র রাজ্যের স্বাস্থ্য পরিষেবা প্রদানের মানকে অনন্য উচ্চতায় নিয়ে যাওয়ার কারিগর হলেন রাজ্যের ৭ হাজার ৮৬৬ জন আশাকর্মী। প্রাকৃতিক দুর্যোগ কিংবা মহামারী সকল ক্ষেত্রেই সাধারণ মানুষের মনে আশার প্রদীপ বারে বারে প্রজ্জ্বলিত করেছেন আশাকর্মীরা। এবারের এই কনভেনশনের থিম 'একতায় গড়ি সুস্থ রাজ্য'।

মুখ্যমন্ত্রী বলেন, ২০২৫-২৬ অর্থবছরে প্রায় ৯৭ শতাংশ টিকাকরণ এবং মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব ও সুস্থ কৈশোর কর্মসূচির ক্ষেত্রে ১০০ শতাংশ সফলতা এসেছে। রাজ্যকে ডায়ারিয়া মুক্ত করতে স্পট ডায়ারিয়া ক্যাম্প শুরু করা হয়েছে। শূন্য থেকে ৫ বছরের ৩ লক্ষ শিশুকে এই কর্মসূচির আওতায় আনা হবে।

অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী জনমন এবং ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অন্তর্গত ভিলেজগুলিতে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের দেওয়া ২৪টি মোবাইল মেডিক্যাল অ্যাম্বুলেন্সের পতাকা নেড়ে সূচনা করেন।

***************************

**Akashvani 90 year :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে সারা দেশের সঙ্গে আকাশবাণী আগরতলার উদ্যোগে সুকান্ত একাডেমিতে আজ শাস্ত্রীয় সঙ্গীতের অনুষ্ঠান আয়োজন করা হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ড: বিশাল কুমার। উপস্থিত ছিলেন CGST আগরতলা অফিসের অতিরিক্ত কমিশনার স্যামুয়েল এস ভাইফেই। অনুষ্ঠানে জেলাশাসক তার ভাষণে আকাশবাণীর ভূমিকার ভুয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে শাস্ত্রীয় সুরে গিটার

পরিবেশন করেন পঙ্কজ কুমার দাস। তবলা সহযোগিতায় রয়েছেন দেবজ্যোতি দাশগুপ্ত।

*****************************

**Cencus :**

পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ড: বিশাল কুমার জানিয়েছেন, আগামী পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত রাজ্যে জনগণনার প্রথম পর্যায় অনুষ্ঠিত হবে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান দ্বিতীয় পর্যায়ের জনগণনার কাজ আগামী বছরের মার্চ মাসের মধ্যে সম্পন্ন করা হবে।

***************************

**NEET-UG :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এন.টি.এ আজ জানিয়েছে, নিট ইউ.জি ২০২৬-এর পরীক্ষা আগামী ২১শে জুন অনুষ্ঠিত হবে। সামাজিক মাধ্যমে সংস্থাটি পরীক্ষার্থী এবং অভিভাবকদের শুধুমাত্র এন.টি.এ-র অফিসিয়াল চ্যানেলের উপর নির্ভর করার জন্য অনুরোধ জানিয়েছে। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীরা আগামী ১৪ই জুনের মধ্যে পরীক্ষার প্রবেশপত্র পেয়ে যাবে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন, আগামী বছর থেকে NEET UG পরীক্ষা বর্তমান OMR-ভিত্তিক পদ্ধতির পরিবর্তে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

**************************

**ADC-direction :**

প্রধানমন্ত্রীর জ্বালানি সাশ্রয়ের আহবানের পরিপ্রেক্ষিতে এডিসি প্রশাসন সমস্ত কর্মচারীদের সপ্তাহে তিনদিন কর্মস্থলে উপস্থিতির নির্দেশ দিয়েছেন। এই নির্দেশ অনুযায়ী সমস্ত কর্মচারীদের প্রতি সপ্তাহে সোম, মঙ্গল, বুধ অফিসে হাজির থাকতে হবে। বাকি তিনদিন বৃহস্পতি, শুক্র, শনিবার ওয়ার্ক ফ্রম

হোম অর্থাৎ বাড়িতে বসেই ফোন এবং ইলেকট্রনিক মাধ্যমে অফিসের কাজ করতে হবে। এডিসি'র মুখ্য নির্বাহী আধিকারিক রাভেল হেমেন্দ্র কুমার জানিয়েছেন, আগামীকাল থেকে এই নির্দেশ কার্যকর হবে।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, খোয়াই জেলা ও সিপাহীজলা জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া ঊনকোটি, ধলাই ও খোয়াই জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ১৩ মিলিমিটার।

***************************

**Knock Out Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে কসমোপলিটন ক্লাব ও ব্লাডমাউথ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আগামী ১৭ মে ফাইনাল ম্যাচটি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। এম বি বি স্টেডিয়ামে কসমোপলিটন ক্লাব ২৬ রানে জয়নগর ক্রিকেট ক্লাবকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে ব্লাডমাউথ ক্লাব ১৮ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে।

**************************